



বাংলাদেশে অস্বাস্থ্যকর হোটেল—জানলাহীন বাসের অভিযোগ ভারতীয় দলের



সংগৃহীত ছবি

এশিয়া চ্যাম্পিয়নশিপে অংশ নিতে বাংলাদেশে আসা ভারতীয় তিরন্দাজ দলকে পড়তে হয়েছে নানা বিড়ম্বনায়। সফরের শুরু থেকেই তারা মুখোমুখি হন অস্বস্তিকর পরিস্থিতির। দেশের অভ্যন্তরীণ অস্থিরতার মাঝে ঢাকায় পৌঁছে ২৩ সদস্যের দলটি পান না মানসম্মত থাকার ব্যবস্থা।

দলের অভিযোগ, তাদের যে হোটলে রাখা হয়, সেটি ছিল অস্বাস্থ্যকর ও মানহীন। কক্ষগুলো ছিল অগোছালো এবং শৌচাগারগুলোও নোংরা। এছাড়া যাতায়াতের জন্য যে বাস সরবরাহ করা হয়েছিল তা ছিল জানলাহীন ও অস্বাচ্ছন্দ্যকর, ফলে প্রতিযোগিতার আগের রাতটাই কাটাতে হয়েছে চরম দুর্ভোগের মধ্যে।

বাংলাদেশে চলমান রাজনৈতিক উত্তেজনার কারণে পরিস্থিতি আরও জটিল হয়ে পড়ে বলে দলীয় সূত্র জানায়। প্রতিযোগিতায় অংশ নিতে এসে এমন দুর্ভাগ্যজনক অভিজ্ঞতা হবে—তা কেউই ভাবেননি ভারতীয় তিরন্দাজরা।

সূত্র: আনন্দবাজার পত্রিকা